

রূপালী ব্যাংক লিমিটেড
সংস্থাপন ও কল্যাণ বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

ইস্টেহার নং-প্রকা/সংস্থা/০৪

তারিখঃ-০৪-০৬-২০০৯

প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা সমূহ/আরবিটিআই এবং
শাখা সমূহের প্রতি ঃ-

**বিষয়ঃ-রূপালী ব্যাংক লিঃ এবং আয়েশা মেমোরিয়াল স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিমিটেড এর মধ্যে
বিগত ০৩-০৬-০৯ ইং তারিখে সম্পাদিত চুক্তি মোতাবেক রূপালী ব্যাংক লিঃ এর প্রধান কার্যালয়,
আঞ্চলিক কার্যালয় এবং শাখা সমূহের নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা/কর্মচারীদের ডিসকাউন্ট রেটে
চিকিৎসা সেবা নেয়া প্রসঙ্গে।**

উল্লেখিত বিষয়ে রাজধানী ঢাকায় ৭৪/জি, পিকক স্কয়ার, নিউ এয়ারপোর্ট রোড, মহাখালীতে অবস্থিত
আয়েশা মেমোরিয়াল স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিমিটেড এর মাননীয় চেয়ারম্যান এবং রূপালী ব্যাংক লিঃ
এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মধ্যে বিগত ০৩-০৬-০৯ইং তারিখে অত্র ব্যাংকের মহাব্যবস্থাপক-
বৃন্দ ও উর্ধতন কর্মকর্তার উপস্থিতিতে সম্পাদিত চুক্তি মোতাবেক রূপালী ব্যাংক লিঃ এর বিভিন্ন শাখা, আঞ্চলিক
কার্যালয় এবং প্রধান কার্যালয়ের নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা ও কর্মচারীগনসহ তাদের ছেলেমেয়ে, পিতামাতা এবং
তাদের আয়ের উপর নির্ভরশীল ব্যক্তির ডিসকাউন্ট রেটে আয়েশা মেমোরিয়াল হাসপাতাল থেকে আউট ডোর
এবং ভর্তি হলে সব ধরনের ডায়াগনোসিস সহ চিকিৎসা সেবা নিতে পারবেন।

ডিসকাউন্ট সুবিধা হবে নিম্নরূপঃ-

- (১) ল্যাবরেটরী টেস্টের জন্য ৪০%। এক্স রে, সিটি স্ক্যান, কালার ড্রপলার, আলটাসনোগ্রাম, ইকো
কার্ডিওলজিগ্রাম ইত্যাদি রেডিওলজিক্যাল পরীক্ষার জন্য ২৫% ডিসকাউন্ট সুবিধা।
- (২) বেড ভাড়া, ICU, NICU, PICU, HDU বিল/চার্জের বেলায় (মেডিসিন, অক্সিজেন চার্জ ব্যতীত) এবং
হেমোডায়ালিসিস (ডায়ালাইজার চার্জব্যতীত) ১০% ডিসকাউন্ট সুবিধা।

উল্লেখ্য, বিশেষজ্ঞ চিকিৎসক, মেডিসিন এবং অক্সিজেনের বেলায় ডিসকাউন্ট সুবিধা প্রযোজ্য হবেনা।

আগ্রহী এমপ্লয়ীগন রূপালী ব্যাংক লিঃ এর আইডিকার্ড/পরিচয়পত্র/বিভাগীয় প্রধান /শাখা ব্যবস্থাপকের
প্রত্যায়নপত্র হিসাবে উপস্থাপন করা মাত্রই আয়েশা মেমোরিয়াল স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিমিটেড এর
কর্তৃপক্ষ যেক্ষেত্রে যেমন প্রযোজ্য সে অনুযায়ী তাৎক্ষনিকভাবে ডিসকাউন্ট রেটে চিকিৎসা সেবা প্রদান করবেন।
এই চুক্তির মেয়াদ ০৩-০৬-০৯ ইং তারিখ থেকে আগামী ২(দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে। রূপালী ব্যাংকে
কর্মরত নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা ও কর্মচারীগন যে কোন চিকিৎসা সুবিধা গ্রহণের নিমিত্তে আয়েশা মেমোরিয়াল
স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিমিটেড এর ডাঃ আশীষ কুমার চক্রবর্তীর সাথে নিম্নোক্ত নাম্বারে যোগাযোগ
করার জন্য পরামর্শ দেয়া হলো।

ঠিকানা	ফোন নম্বর	মোবাইল নম্বর
৭৪জি/৭৫, পিকক স্কয়ার	৯১২২৬৮৯	০১৭১১৩০৩৫৩৬
নিউ এয়ারপোর্ট রোড	৯১২২৬৯০	০১৭১১১২২২১৫
মহাখালী, ঢাকা-১২১৫।	৮১৪২৩৭০	
	৮১৪২৩৭১	

বিষয়টি সকলের অবগতির জন্য জানানো হলো।

(বিশ্বনাথ কর)
সহকারী মহাব্যবস্থাপক

(গান্ধী কুমার রায়)
উপ-মহাব্যবস্থাপক